দৈনিক বাংলা
53
22 JUL 1992
তারিখ 22 JUL 1992
পৃষ্ঠা ১ কলাম ২

# ভার্সিটি পরিস্থিতি ভয়াবহ রূপ নিতে পারে : কর্তৃপক্ষের আশঙ্কা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : 'ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বর্তমান অবস্থা অত্যন্ত দুঃসহ এবং যে কোন সময় তা ভয়াবহ ও মারাত্মক রূপ নিতে পারে।'

মঙ্গলবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এক সভায় ক্যাম্পাস পরিস্থিতি সম্পর্কে এ মন্তব্য করা হয়।

সভায় বলা হয়, ক্যাম্পাসে গোলাগুলি বিনিময়ের ঘটনা এখন প্রাত্যহিক ব্যাপার, অথচ হলসমূহে পুলিশী অনুসন্ধান কোন সময়েই ফলপ্রসূ হচ্ছে না।

সরকার, সব রাজনৈতিক দল, বিশ্ববিদ্যালয়ের প্রশাসন, শিক্ষকমণ্ডলী ও ছাত্র সংগঠনসমূহের সম্মিলিত, প্রচেষ্টা এবং আন্তরিক উদ্যোগের মাধ্যমেই কেবল সন্ত্রাস দমন সম্ভব বলে সভায় মত প্রকাশ করা হয়।

ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞা সভায় সভাপতিত্ব করেন। সিনেট ও সিন্ডিকেটের শিক্ষক প্রতিনিধিবৃন্দ, বিভিন্ন অনুষদের ডীন, আবাসিক হলসমূহের প্রভোস্ট, প্রক্টর, সহকারী প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক এবং

(৭-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি পরিস্থিতি ভয়াবহ

( প্রথম পৃষ্ঠার পর )

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদকগণ সভায় উপস্থিত ছিলেন।

সভায় বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক পরিস্থিতি বিশেষ করে অব্যাহত সন্ত্রাস এবং ছাত্র-শিক্ষক সম্পর্কের অবনতি প্রসঙ্গ প্রাধান্য পায়।

সভায় বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে বিভাগীয় ও হল পর্যায়ে শিক্ষা কার্যক্রম ও শৃঙ্খলা সংক্রান্ত বিধি-বিধান মেনে চলার ব্যাপারে গুরুত্ব আরোপ করা হয়। যে সমস্ত সন্ত্রাসী কার্যকলাপের তদন্ত রিপোর্ট পাওয়া গেছে সেগুলো সম্পর্কে শৃংখলা পরিষদের মাধ্যমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সভায় সিদ্ধান্ত নেয়া হয়। ছাত্র-শিক্ষক সম্পর্ককে কিভাবে আরও নিবিড় করা যায় সে ব্যাপারেও সভায় আলোচনা হয়।

### মধ্যরাতে গোলাগুলি

সোমবার মধ্যরাতেও ঢাকা বিশ্ববিদ্যালয়ে গোলাগুলি হয়েছে। রাত একটায় সলিমুল্লাহ হল ও জহুরুল হক হলের মধ্যে কমপক্ষে ১০ রাউন্ড গুলিবিনিময় হয় বলে ছাত্ররা জানান।